বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ১৭৫৬(১২৫০) তারিখঃ ১৬/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS)উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ তারিখ ২৭/০৭/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক উপরোক্ত সার্কুলারের মাধ্যমে 'ক্রেডিট গ্যারান্টি স্কীম' চালু করা হয়েছে। যা অত্র বিভাগের পত্র নং-২৯৩, তারিখ ১০/০৮/২০২০ মূলে মাঠ পর্যায়ে জারি করা হয়েছে। প্রাথমিকভাবে বাংলাদেশ ব্যাংক ঘোষিত তিনটি প্যাকেজের আওতায় জামানতবিহীন ঋণ বিতরণের ক্ষেত্রে উক্ত গ্যারান্টি সুবিধা গ্রহণ করা যাবে। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক আলোচ্য তিনটি প্যাকেজের আওতায় জামানতবিহীন ঋণ সমূহে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহন চুক্তি সম্পাদন করা হয়েছে। নিম্নে তিনটি প্যাকেজের নাম, প্যাকেজ তিনটির বিষয়ে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সার্কুলার/সার্কুলার লেটার এবং অত্র ব্যাংকের এনডোর্সমেন্ট লেটারের তালিকা দেয়া হলো ঃ

| ক্রঃ নঃ | প্যাকেজের নাম | বাংলাদেশ ব্যাংকের সার্কুলার/সার্কুলার লেটার | অত্র ব্যাংকের এনডোর্সমেন্ট লেটারের |
|---|---|---|---|
| ১. | ২০,০০০ হাজার কোটি টাকার সিএমএসএমই প্রণোদনা প্যাকেজ | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১০, তারিখঃ ১৪/১২/২০২১ | ১১১৭(১২৫০), ২১/১২/২০২১ |
| ২. | ২৫,০০০ হাজার কোটি টাকার সিএমএসএমই (মেয়াদী) পুনঃঅর্থায়ন স্কীম | সিজিডি সার্কুলার নং-০২/২০২২ তারিখঃ ১০/০৮/২০২২ | ৩৮৯(১২৫০), ১৪/০৮/২০২২ |
| ৩. | আর্থিক সেবাভূক্তি খাতে এফইডি-১ স্কীম | এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২২, তারিখঃ ২৩/০১/২০২২ | ১৪২১(১২৫০), ২৭/০১/২০২২ |

০৩। উল্লেখিত প্যাকেজ সমূহে ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে যথাযথ উদ্যোক্তা নির্বাচন পূর্বক গ্যারান্টি প্রস্তাব অত্র বিভাগের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক হতে গ্যারান্টি রেজিষ্টেশন প্রাপ্তির পর ঋণ মঞ্জুরী ও বিতরণের ব্যবস্থা গ্রহন করতে হবে। এক্ষণে, আলোচ্য প্যাকেজ সমূহের আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে অত্র বিভাগ হতে সময়ে সময়ে মাঠ কার্যালয় সমূহকে নির্দেশনা প্রদান করা হলেও মাঠ কার্যালয় সমূহ হতে এ সংক্রান্ত আবেদন প্রেরণ করা হচ্ছে না, যা অনভিপ্রেত।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নীতিমালাসমূহ যথাযথ অনুসরনপূর্বক আলোচ্য স্কীমের আওতায় গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে প্রস্তাব প্রেরনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
১৬/০১/২০২৩
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ১৭৫৬(১২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৬/০১/২০২৩
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক